ঝিনাইদহের ৪টি আসনে আওয়ামী লীগের মনোনয়ন পেলেন যারা

আগামী ৭জানুয়ারী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য দলীয় প্রার্থী চুড়ান্ত করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ।

রবিবার (২৬ নভেম্বর) বিকালে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে অবস্থিত দলীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিক ভাবে ২৯৮ আসনে চুড়ান্ত প্রার্থীদের নাম ঘোষণা করেছে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

এদিকে ঝিনাইদহ ৪টি আসন থেকে যারা মনোনয়ন পেয়েছেন, ঝিনাইদহ-১ শৈলকুপা আসনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন বর্তমান এমপি ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই। ঝিনাইদহ-২ (হরিণাকুণ্ডু-ঝিনাইদহ সদর) আসনে মনোনয়ন পেয়েছেন বর্তমান এমপি তাহজীব আলম সিদ্দিকী সমি। ঝিনাইদহ-৩ (কোটচাঁদপুর-মহেশপুর) আসনে মনোনয়ন পেয়েছেন নতুন মুখ প্রধানমন্ত্রীর সাবেক সামরিক সচিব সালাউদ্দীন মিয়াজী। ঝিনাইদহ-৪ (কালীগঞ্জ-ঝিনাইদহ সদরের ৪টি ইউপি) আসনে মনোনয়ন পেয়েছেন বর্তমান এমপি কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ আনোয়ারুল আজিম আনার।

ঝিনাইদহে নারীনির্যাতন বিরোধী আন্তর্জাতিক প্রতিবাদ দিবস পালিত

ঝিনাইদহে নারীনির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস পালিত হয়েছে। ঝিনাইদহ দূর্বার নেটওয়ার্ক ও নারীপক্ষের আয়োজনে আজ শনিবার সকালে ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র কার্যালয় চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্ত্বরে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত হয়

মানববন্ধন।

কর্মসূচীতে ঝিনাইদহ সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন.এম.শাহাজালাল, ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র পরিচালক শরিফা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, নারীর নিরাপদ জীবন বির্নিমানে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব পালনের প্রতি জোর দাবী জানান।

ঝিনাইদহে হত্যা মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ২ আসামী গ্রেপ্তার

ঝিনাইদহে মা ও মেয়েকে হত্যা মামলায় সাজাপ্রাপ্ত ২ আসামীকে গ্রেফতার করেছে পুলিশ। আজ শুক্রবার সকালে সদর উপজেলার বকসিপুর ও চাদঁপুর এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলো-সদর উপজেলার চাঁদপুর গ্রামের তক্কেল আলীর ছেলে রফিক উদ্দিন ও মৃত আফিল বিশ্বাসের ছেলে ঝন্টু বিশ্বাস।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, ২০০২ সালের ২১ সেপ্টেম্বর চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার নাগদা গ্রামের হাসিনা খাতুন ও তার ৩ বছরের মেয়ে টফিকে নিয়ে এসে মাকে সংঘবদ্ধ ধর্ষণ করার পর তাদের হত্যা করে। ওইদিন সদর উপজেলার সাগান্না ইউনিয়নের চাঁদপুর গ্রামের নবগঙ্গা নদীর পাড় থেকে তাদের গ্রেফতার করা হয়। এ ঘটনায় সাগান্না ইউনিয়নের চৌকিদার সাধন দাস অজ্ঞাতদের আসামী করে সদর থানায় হত্যা মামলা হয়। লাশ উদ্ধারের পর পরিবারের সদস্যরা এসে তাদের পরিচয় শনাক্ত করে। সেই মামলায় চলতি মাসে আদালত ৩ জনকে যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত করে। রায়ের সময় আসামীরা পলাতক ছিলো।

আদালত আসামীদের গ্রেফতারে ওয়ারেন্ট জারি করলে সদর থানার এস আই রফিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে গ্রেফতার করে।

শুক্রবার বিকেলে তাদের আদালতে পাঠানো হয়।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সাবেক সেনা সদস্যকে গুলি করে হত্যা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার শুড়া গ্রামে শামিম হোসেন মিয়া (৫০) নামে সাবেক সেনা সদস্যকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে আটটার দিকে অজ্ঞাতনামা দুর্বৃত্তেরা এই হত্যাকান্ডটি ঘটিয়েছে। নিহত শামীম একই গ্রামের গোলাম রসুল লান্টুর ছেলে। তিনি একজন সাবেক সেনা সদস্য ও উপজেলা সেচ্ছাসেবক লীগের সাবেক কমিটির সহ -সভাপতি ছিলেন।

স্থানীয়রা জানান , রাত সাড়ে ৮ টার দিকে এশার নামাজের পর তার বাড়ির সামনে একটি সাঁকোর কাছে দাড়িয়ে ছিলেন। এসময় কিছু অজ্ঞাত দুর্বৃত্তরা তাকে ফোন করে খালের ওপারে নিয়ে গিয়ে বুকে গুলি করে ফেলে রেখে যায়। এ অবস্থায় স্বজনরা পুলিশে খবর দিয়ে তাকে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েের নিয়ে গেলে কর্বত্যরত চিকিৎসক ডাঃ আল আমিন ও উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ তাকে মৃত্যু ঘোষণা করেন।

হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশীদ জানান , শামিম ঘটনাস্থলেই নিহত হয়েছিলেন। হাসপাতালে মৃত অবস্থায় তাকে আনা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করতে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুবুর রহমানকে বার বার ফোন করা হলেও তিনি রিসিভ করেননি।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) ইমরান জাকারিয়া জানান , একজনকে গুলি করে হত্যার খবর পেয়ে ঘটনাস্থলে রওনা হয়েছি। সেখানে পৌছে বিস্তারিত জনাতে পারবো।

অল্প ভোটার উপস্থিত হলেও গ্রহনযোগ্য এমপি হতে পারে – আহসান হাবিব খান

নির্বাচন কমিশন একটি সাংবিধানিক পদ সংবিধান সুরক্ষা করা আমাদের দায়িত্ব। ভোটার উপস্থিত করানো প্রার্থীর দায়িত্ব, অল্প ভোটার উপস্থিত হলেও গ্রহযোগ্য এমপি হতে পারে এতে আইনের কোন বাধা নাই-বললেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মোঃ আহসান হাবিব খান।

আজ বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি।

জেলা প্রশাসন ও জেলা নির্বাচন কমিশনের আয়োজনে অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মোঃ আহসান হাবিব খান । সেসময় ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর ও মাগুরা জেলার জেলা প্রশাসক, পুলিশ সুপার, নির্বাচন অফিসার, আনসার, র্যাব, বিজিবিসহ বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

তিনি আরো বলেন, অবাধ সুষ্ঠু, নিরপেক্ষ, গ্রহনযোগ্য ও উৎসবমুখর পরিবেশে ভোট গ্রহনের জন্য প্রস্তুতিমুলক মতবিনিময় সভা করা হচ্ছে। আমাদের দায়িত্ব পালনকালে অনেকগুলো নির্বাচন করেছি বিদেশী পর্যবেক্ষকরা থাকেন কিন্তু তারা কোন মন্তব্য প্রকাশ করেন না। তারা মনে করেন শুষ্ঠু নির্বাচন কারানো ইসির সাংবিধানিক দায়িত্ব।

ঝিনাইদহের ৪টি আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ৪৭ জন

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহন ২০২৪ সালের ৭ জানুয়ারি অনুষ্ঠিত হবে। বিএনপি ভোটে আসছে কিনা নিশ্চিৎ না হওয়া গেলেও তৃণমূল বিএনপিসহ অন্যান্য দলের ব্যানারে ঝিনাইদহের অন্তত ৩টি আসন থেকে সাবেক বিএনপির এমপি ও নেতারা নির্বাচন করবেন বলে জানাগেছে। এই নির্বাচনে ঝিনাইদহের ৪টি নির্বাচনী আসন থেকে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশির সংখ্যা ৪৭জন। এর মধ্যে মনোনয়ন পাবেন ৪ জন।

শৈলকুপা উপজেলার ১৪টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে ঝিনাইদহ-১ আসন। এই আসনে আওয়ামী লীগের মনোনয়ন ফরম জমা দিয়েছেন ৯ জন। তারা হলেন, বর্তমান এমপি জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই, আওয়ামী লীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য অধ্যক্ষ কামরুজ্জামানের কন্যা আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য পারভীন জামান কল্পনা, অধ্যক্ষ কামরুজ্জামানের ছেলে পারভেজ জামান পান্না, বিশ্বাস বিল্ডার্সের ব্যবস্থাপনা পরিচালক ও জেলা আওয়ামী লীগের সহ সভাপতি নজরুল ইসলাম দুলাল বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সদস্য বীর মুক্তিযোদ্ধা নায়েব আলী জোয়ার্দ্দার, চিত্র নায়িকা সিমলা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক লিপি আক্তার, সাবেক ছাত্র নেতা বর্তমান শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক রাজু আহম্মেদ। তবে এই আসনে আরেকজন প্রার্থী বর্তমান উপজেলা চেয়ারম্যান এম আব্দুল হাকিম মনোনয়ন উত্তোলন করেছেন বলে ঝিনাইদহে সংবাদ ছড়িয়েছে, তবে তার সত্যতা পাওয়া যায়নি।

ঝিনাইদহ সদর উপজেলার ১৩টি ইউনিয়ন, সদর পৌরসভা, হরিণাকুণ্ডুর ৮টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে ঝিনাইদহ-২ আসন। এই আসনে মনোনয়ন উত্তোলন করেছেন ৯ জন। তারা হলেন, বর্তমান সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি সফিকুল ইসলাম অপু, জেলা পরিষদ সাবেক চেয়ারম্যান কনক কান্তি দাস, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও রেডিয়্যান্ট গ্রুপের চেয়ারম্যান নাসের শাহরিয়ার জাহেদী মহুল, ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত আসনের সাংসদ খালেদা খানম, হরিণাকুণ্ডু উপজেলার চেয়ারম্যান সাবেক ছাত্রনেতা জাহাঙ্গীর হোসাইন ও

মোয়াজ্জেম হোসেন স্বপন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অশক ধর।

কোটচাঁদপুর উপজেলার ৫টি ইউনিয়ন, একটি পৌরসভা ও মহেশপুর উপজেলার ১২টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে ঝিনাইদহ-৩ আসন। এই আসনে আওয়ামী লীগের মনোনয়ন উত্তোলন করেছেন ১৪ জন। তারা হলেন, বর্তমান সংসদ সদস্য শফিকুল আজম খান চঞ্চল, প্রধানমন্ত্রীর সাবেক সামরিক সচিব সালাহউদ্দিন মিয়াজি, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড: আজিজুর রহমান, সাবেক এমপি যুবলীগের প্রেসিডিয়াম মেম্বার নবী নেওয়াজ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, জেলা আওয়ামী লীগের গবেষণা বিষয়ক সম্পাদক আনিচুর রহমান টিপু, টিএম আজিবর রহমান, উপজেলা চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ, সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাতুজ জুম্মা, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এম এম জামান মিল্লাত, কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, বাশবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু ও মোহাম্মদ আলী।

ঝিনাইদহ সদরের ৪টি ইউনিয়ন, কালীগঞ্জের ১১টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে ঝিনাইদহ-৪ আসন। এই আসনে আওয়ামী লীগের মনোনয়ন উত্তোলন করেছেন ১৫ জন। তারা হলেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, বর্তমান এমপি ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ারুল আজিম আনার, সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসরাইল হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আয়ুব হোসেন খান, জেলা আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান বিজু, সাবেক এমপি প্রয়াত আব্দুল মান্নানের স্ত্রী শামীম আরা মান্নান, সাবেক ভাইস চেয়ারম্যান মতিয়ার রহমান মতি, রাশেদ শমসের, আনোয়ার পারভেজ সাগর, বাংলাদেশ ছাত্রলীগের সাবেক দপ্তর সম্পাদক কাজী নাসিম আল মমিন রুপক, বীর মুক্তিযোদ্ধা তোফাজ্জেল হোসেন, আলী হাসান মোঃ গোলাম কিবরিয়া, আব্দুর রশিদ খোকন, মীর আমিনুল ইসলাম, শাতিল ইসলাম।

ঝিনাইদহে কাস্টসাগরায় ইটভাটার গাড়ী চালকের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার উত্তর কাস্টসাগরা গ্রামের ফাইভ স্টার ইটভাটায় এস্কেভেটর দুর্ঘটনায় সবুজ কাজী (২৫) নামের এক চালকের মৃত্যু হয়েছে।

আজ রোববার (১৯ নভেম্বর) সকালে তার লাশ উদ্ধার করা হয়। নিহত সবুজ কাজী পাবনার সুজানগর উপজেলার সৈয়দপুর গ্রামের দুলু কাজীর ছেলে।

নিহতের ভাই সোহাগ কাজী জানায়, রাত ১১ টার দিকে এক্সেভেটর দিয়ে মাটি কাটছিলো তার ভাই সবুজ কাজী। মেশিনের চেইন ছিঁড়ে গেলে ডান পাশের জানালা দিয়ে চাকা দেখার চেষ্টা করছিলো। সেসময় দুর্ঘটনাবশত মেশিনের বাকেটের বুম মাথায় লেগে ঘটনাস্থলেই সে মারা যায়।

এই ঘটনায় ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন বলেন, লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় সদর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

ঝিনাইদহে কলা ক্ষেত থেকে দিনমজুরের লাশ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার রামনগর গ্রামের একটি কলা ক্ষেত থেকে আসলাম হোসেন (৪৮) নামে এক দিনমজুরের লাশ উদ্ধার করেছে পুলিশ। নিহত আসলাম হোসেন পাবনা জেলার চাটমোহর উপজেলার নিমাইচড়া ইউনিয়নের বহরমপুর গ্রামের ফরিদুল ইসলামের ছেলে।

আজ শনিবার (১৮নভেম্বর) দুপুরে খবর পেয়ে পুলিশ রক্তাক্ত লাশটি উদ্ধার করে। তাকে পরিকল্পিত ভাবে হত্যা করা হয়েছে বলে পুলিশ প্রাথমিক ভাবে ধারণা করছে। ঘটনাস্থলে ব্যবহৃত কিছু জামাকাপড়, একটি শাবল, কিছু বেগুন ও একটি কাস্তে পাওয়া গেছে।

মহারাজপুর ইউনিয়নের খামারাইল ওয়ার্ডের মেম্বর জাহিদুল ইসলাম জানান, সকালে রামনগর গ্রামের কলা ক্ষেতে লাশ পড়ে থাকার বিষয়টি জানতে পেয়ে প্রথমে ইউপি চেয়ারম্যান খুরশিদ আলম মিয়া জানায় পরে পুলিশকে অবগত করে তিনি। পুলিশ ঘটনাস্থলে পৌছে লাশটি উদ্ধার ও সনাক্ত করার চেষ্টা করে। মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম জানান, নিহত ব্যক্তি দিনমজুরের কাজ করে। তার মাথায়, হাতের তালু ও কানের পাশে আঘাতের চিহ্ন আছে। সম্ভবত শাবল দিয়ে তাকে পিটিয়ে হত্যা করা হতে পারে। আবার অনেকে মনে করছেন, পাশের ক্ষেত থেকে বেগুন তোলার কারণে কেউ চোর সন্দেহে তাকে হত্যা করতে পারে।

নিহতের ভাই মনিরুল ইসলাম জানান, গত মঙ্গলবার কাজের উদ্দেশ্যে বাড়ি থেকে সে বের হয়েছে। তার মোবাইল ফোন নষ্ট হওয়ার কারণে পরিবারের সাথে তার যোগাযোগ ছিলো না।

এ বিষয়ে ঝিনাইদহ সদর সার্কেলের সহকারী পুলিশ সুপার মীর আবিদুর রহমান জানান, মাথায় আঘাত করে তাকে হত্যা করা হয়েছে। উন্নত প্রযুক্তি ব্যবহার করে লাশের পরিচয় উদ্ধার করা সম্ভব হয়েছে বলে তিনি জানান, নিহত আসলাম পাবনার চাটমোহর উপজেলার নিমাইচড়া ইউনিয়নের বহরমপুর গ্রামের ফরিদুল ইসলামের ছেলে।

এই হত্যার সাথে জড়িতদের চিহ্নিত করে দ্রুত গ্রেপ্তারের প্রচেষ্টা চালানো হবে।

ঝিনাইদহে ভোরের চেতনা পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে দেশের অন্যতম শীর্ষ পত্রিকা জাতীয় দৈনিক ভোরের চেতনা ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

আজ বুধবার বিকেলে ঝিনাইদহ প্রেস ইউনিটির কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে কেক কেটে পত্রিকাটির ২৫তম বর্ষে পদার্পণ উদযাপন

করা হয়।

এই সময় ঝিনাইদহ প্রেস ইউনিটির সভাপতি সাহিদুল এনাম পল্লব এর সভাপতিত্বে ও পত্রিকার জেলা প্রতিনিধি আনোয়ার হোসেনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত আসনের মহিলা সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিও সংস্থার নির্বাহী পরিচালক সামছুল আলম। এছাড়াও উপস্থিত ছিল প্রেস ইউনিটির যুগ্ম সাধারণ সম্পাদক পাপন চৌধুরী, কোষাধ্যক্ষ মিশুক হাসান, সাংস্কৃতি সম্পাদক, তাপস কুণ্ডু, নির্বাহী সদস্য বাবলু মিয়া আবুল হাসান সহ অন্যান্য সদস্য ও আগত অতিথি বিন্দুরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন ভোরের চেতনা পত্রিকা ২৪বছর পূর্ণ করে ২৫ বছরে পদার্পণ করেছে। অল্প সময়ে পত্রিকাটি মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়তে সাংবাদিক ও মিডিয়ার ভূমিকা অপরিসীম। ভোরের চেতনা ঝিনাইদহের উন্নয়ন, দুর্নীতি সম্ভাবনা নিয়ে কাজ করছে আশা রাখি ভবিষ্যতে পত্রিকাটি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করবে প্রত্রিকার সাফল্য কামনা করি।

ঝিনাইদহের বয়বৃদ্ধ দানেচ বিশ্বাসের পাশে সাইদুল করিম মিন্টু

ঝিনাইদহ সদর উপজেলার জাড়গ্রামের সেই বয়বৃদ্ধ দানেচ বিশ্বাসের পাশে দাড়িয়েছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও হ্যাপি ক্লাব ফাউন্ডেশনের প্রধান উপদেষ্টা সাইদুল করিম মিন্টু। আজ বুধবার সকালে তার বাড়িতে চাল, ডাল, তেল, শাড়ী, লুঙ্গি, গামছাসহ খাদ্য সামগ্রী নিয়ে তার বাড়িতে যান তিনি।

জানা যায়, জাড়গ্রামের অসহায়, দরিদ্র বয়বৃদ্ধ দানেচ বিশ্বাস এক

টুকরা জমিতে ভাঙ্গাচোরা ঘরে বসবাস করে। একটি মেয়েকে বিয়ে দেওয়ার পর স্ত্রীকে নিয়ে বাড়িতেই থাকেন। ৮০ বছর বয়স হওয়ায় বয়সের ভারে নুই্যয়ে পড়েছেন। বৃদ্ধ বয়সেও অন্যের জমিতে দিনমজুরের কাজ করে চলে তার সংসার। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে তাকে নিয়ে সংবাদ প্রচার করা হলে সাইদুল করিম মিন্টুর নজরে আসে। সংবাদটি দেখে তাকে সহযোগতিা করার জন্য নির্দেশ দেয় ঝিনাইদহ হ্যাপি ক্লাব ফাউন্ডেশনের নেতৃবৃন্দকে। পরে বুধবার সকালে দানেচ বিশ্বাসের বাড়িতে চাল, ডাল, তেল, শাড়ী, লুঙ্গি, গামছাসহ খাদ্য সামগ্রী নিয়ে তার বাড়িতে যান।

সেসময় আরও উপস্থিত ছিলেন হ্যাপি ক্লাব ফাউন্ডেশনের সভাপতি রাশিদ নাইব অনিক, সহ-সভাপতি আল হাদি জীবন, সহ-সভাপতি সৈকত আলি, যুগ্ম-সাধারণ সম্পাদক মুক্তাদির আল ফাহাদ, সহ-সম্পাদক বিশ্বাস হাজুজ্জামান আরিফ, আপ্যয়ন বিষয়ক সম্পাদক অনান্য সদস্যরা।